# সুনান আবূ দাউদ (তাহকিককৃত)

হাদিস নাম্বারঃ ৭৬

১/ পবিত্রতা অর্জন ( كتاب الطهارة )

পরিচ্ছেদঃ ৩৮. বিড়ালের উচ্ছিষ্ট

## باب سُؤْرِ الْهِرَّةِ

আরবী

حَدَّثَنَا عَبْدُ اللهِ بْنُ مَسْلَمَةَ، حَدَّثَنَا عَبْدُ الْعَزِيزِ، عَنْ دَاوُدَ بْنِ صَالِحِ بْنِ دِينَارٍ التَّمَّارِ، عَنْ أُمِّهِ، أَنَّ مَوْلاَتَهَا، أَرْسَلَتْهَا بِهَرِيسَةٍ إِلَى عَائِشَةَ % فَوَجَدْتُهَا تُصَلِّي فَأَشَارَتْ إِلَىَّ أَنْ ضَعِيهَا فَجَاءَتْ هِرَّةٌ فَأَكَلَتْ مِنْهَا، فَلَمَّا انْصَرَفَتْ، أَكَلَتْ مِنْ حَيْثُ أَكَلَتِ الْهِرَّةُ، فَقَالَتْ: إِنَّ رَسُولُ اللهِ صلى الله عليه وسلم قَالَ " إِنَّهَا لَيْسَتْ بِنَجَسٍ إِنَّمَا هِيَ مِنَ الطَّوَّافِينَ عَلَيْكُمْ " . وَقَدْ رَأَيْتُ رَسُولُ اللهِ صلى الله عليه وسلم يَتَوَضَّأُ بِفَضْلِهَا .

ـ صحيح

বাংলা

৭৬। দাউদ ইবনু সালিহ ইবনু দীনার আত-তাম্মার (রহঃ) থেকে তাঁর মায়ের সূত্রে বর্ণিত। একদা তাঁর আযাদকারী মুনিব তাকে ’হারিসাহ্’ (এক ধরনের খাদ্য) সহ ’আয়িশাহ্ (রাঃ)-এর নিকট পাঠালেন। তিনি গিয়ে দেখলেন, ’আয়িশাহ্ (রাঃ) সালাত আদায় করছেন। তিনি আমাকে ইশারায় বললেন, রেখে দাও। এমন সময় একটি বিড়াল এসে তা হতে কিছু খেয়ে ফেলল। ’আয়িশাহ্ (রাঃ) সালাত শেষে বিড়াল যেখান থেকে খেয়েছিল, সেখান থেকেই খেলেন। আর বললেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ বিড়াল নাপাক (প্রাণী) নয়, বিড়াল তো সর্বদা তোমাদের আশেপাশেই আনাগোনা করে থাকে। আর আমি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে বিড়ালের উচ্ছিষ্ট পানি দ্বারা অযু করতে দেখেছি।[1]

সহীহ।

## English

Narrated Aisha, Ummul Mu'minin:

Dawud ibn Salih ibn Dinar at-Tammar quoted his mother as saying that her mistress sent her with some pudding (harisah) to Aisha who was offering prayer. She made a sign to me to place it down. A cat came and ate some of it, but when Aisha finished her prayer, she ate from the place where the cat had eaten. She stated: The Messenger of Allah (ﷺ) said: It is not unclean: it is one of those who go round among you. She added: I saw the Messenger of Allah (ﷺ) performing ablution from the water left over by the cat.

## ফুটনোট

[1] বায়হাক্বী (১/২৪৬, ২৪৭)। আল্লামা মুনযিরী একে ‘মুখতাসার সুনান’ (১/৭৮-৭৯) গ্রন্থে উল্লেখ করে বলেন, ইমাম দারাকুতনী বলেছেন, দাউদ ইবনু সালিহ থেকে তার মায়ের সূত্রে এ হাদীস বর্ণনায় ‘আব্দুল ‘আযীয ইবনু মুহাম্মাদ একক হয়ে গেছেন। ‘আব্দুর রাযযাক ‘মুসান্নাফ’ (১/১০১, ১০২, হাঃ ৩৫৫) তবে তাতে الهدية উল্লেখ নেই। যেহেতু এর পূর্বের হাদীস এ হাদীসের শাহিদ, সুতরাং এ হাদীসটি সহীহ ইনশাআল্লাহ।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আল্লামা আলবানী একাডেমী

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=57394

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন